

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৯ ১৫

কাঞ্চনপুর, ৩০ নভেম্বর, ২০২৩

বিকশিত ভারত সংকল্প যাত্রা
গচ্ছিমপাড়ায় বিকাশ শিবির

দশদা খনকের গচ্ছিমপাড়া হাইস্কুলে গত ২৮ নভেম্বর বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযান বিষয়ে বিকাশ শিবির অনুষ্ঠিত হয়। খনকের গচ্ছিম পাড়া ও দক্ষিণ তুইসামা ভিলেজকে নিয়ে এই বিকাশ শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে উপস্থিত ছিলেন এমডিসি শৈলেন্দ্র নাথ, দশদা বিএস'র চেয়ারম্যান উদাররাম রিয়াৎ, বিএস'র ভাট্টস চেয়ারম্যান সঞ্জিত রিয়াৎ, দশদা খনকের বিডিও অমপুরীয়া দার্লিং, অতিরিক্ত বিডিও প্রশান্ত চক্রবর্তী, ডিসিএম শক্তি দেববর্মা প্রমুখ। শিবিরে স্বাস্থ্য দপ্তর থেকে ৪ টি আয়ুর্বান ভারত ই-কার্ড দেওয়া হয়। এছাড়া দপ্তরের পক্ষ থেকে ৭৮ জন রোগীকে চিকিৎসা করে বিনামূল্যে ঔষধ দেওয়া হয়। বন দপ্তর থেকে এলাকার জনসাধারণের মধ্যে বিভিন্ন প্রজাতির চারাগাছ বিতরণ করা হয়। কাঞ্চনপুর মহকুমা প্রশাসনের পক্ষ থেকে ৬৮টি পিআরটিসি, ৪৭টি এসটি এবং ৬৭টি ইনকাম সার্টিফিকেট দেওয়া হয়।
